

ব্রেফ এই কারণে নিউজার্সি থেকে ঢাকায় তমালিকা - পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৬২ ঃ মেহেরপুর- সোমবার ৬ অক্টোবর ২০২৫ ইং ঃ ২১ আশ্বিন ১৪৩২ বাংলা ঃ ১৩ রবি,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজ
স্বপ্ন অধ্যয়ন অধ্যবসায়
স্থাপিতঃ-২০১৮
গাংনী, মেহেরপুর




## দরজা ভেঙে মিলল বিএনপির নেতার লাশ

নিজস্ব প্রতিবেদক.চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গার রাজনীতিতে দীর্ঘদিন ধরে সক্রিয় ও জনপ্রিয় নেতা মির্জা ফরিদুল ইসলাম শিপলু (৫০) ঢাকায় আকস্মিকভাবে জীবন হারালেন। শনিবার(৪ আক্টোবর) রাত থেকে তার মোবাইল ফোন বন্ধ পাওয়ায় পরিবার সদস্যরা সন্দেহ করলে রোববার সকালে দরজা ভেঙে তার মৃতদেহ উদ্ধার করা হয়। মির্জা ফরিদুল ইসলাম শিপলু চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের সাবেক সভাপতি ও বর্তমান জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ছিলেন। তিনি চুয়াডাঙ্গা কোর্টপাড়ার প্রয়াত মির্জা আবদুল হক ও মির্জা আমেনা হকের বড় ছেলে এবং নেত্রকোনা জেলার পুলিশ সুপার মির্জা সায়েম

২-এর পৃষ্ঠা দেখুন

# মেহেরপুরে লাইসেন্সবিহীন এলপিজি ও পেট্রল বিক্রিতে বাড়ছে দুর্ঘটনার ঝুঁকি

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর শহর ও তার আশপাশের বাজারগুলোতে অনুমোদন ছাড়া এলপিজি সিলিন্ডার এবং পেট্রল বিক্রি ও মজুত করা এক ভয়ঙ্কর বাস্তবতা হিসেবে দেখা দিয়েছে। শহরের বিভিন্ন মুদি দোকান, ওষুধের দোকান, হোটেল বাজার, শিক্ষাপ্রতিষ্ঠানের আশপাশ, এমনকি ফুটপাতেও সাজানো দেখা যাচ্ছে গ্যাস সিলিন্ডার। এতে যে কোনো সময় বড় ধরনের দুর্ঘটনার আশঙ্কা তৈরি হচ্ছে। সদর উপজেলার কুলবাড়িয়া বাজারের মুদি দোকান ঘুরে দেখা গেছে, সার বেঁধে রাখা হয়েছে এলপিজি সিলিন্ডার। দোকানের পাশাপাশি এক ও দুই লিটার বোতলে রাখা হয়েছে পেট্রল। অথচ এসব স্থাপনায় দাহ্য পদার্থ রাখার কোনো ধরনের লাইসেন্স নেই। নিয়ম অনুযায়ী, এলপিজি সিলিন্ডার বিক্রি ও মজুত করতে ফায়ার সার্ভিসের লাইসেন্স, বিস্ফোরক পরিদপ্তরের অনুমতি এবং পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র বাধ্যতামূলক। বিস্ফোরক পরিদপ্তরের নিয়মে খুচরা দোকানে সর্বোচ্চ ১০টি সিলিন্ডার রাখলে কেবল ফায়ার সার্ভিসের লাইসেন্স যথেষ্ট। তবে ১০টির বেশি হলে বিস্ফোরক পরিদপ্তরের লাইসেন্স আবশ্যক। মেহেরপুর শহরসহ তিনটি উপজেলায় গ্যাস সিলিন্ডার বিক্রি করছে প্রায় ৪০০টি প্রতিষ্ঠান, যার মধ্যে লাইসেন্সধারী মাত্র ৩৩টি। বাকি প্রতিষ্ঠানগুলো কোনো বৈধ অনুমোদন ছাড়াই ব্যবসা পরিচালনা করছে। পেট্রোলিয়াম মজুত আইন ২০১৮ অনুযায়ী, যেকোনো পেট্রোলিয়াম স্থাপনায় 'ধূমপান ও আগুন নিষিদ্ধ' সতর্কতামূলক সাইনবোর্ড বা লেবেল বাধ্যতামূলক। ২০০৪ সালের এলপিজি মজুত সংরক্ষণ আইনও বলে, বিস্ফোরক লাইসেন্স ছাড়া কেউ এলপিজি মজুত করতে পারবে না। তবে শহরের অধিকাংশ দোকান এই নিয়ম মানছে না। পৌর শহরের তারেক ট্রেডার্স এবং ময়না ট্রেডার্স এর মালিকেরা জানান, লাইসেন্স নেওয়ার বিষয়ে বা নিয়মকানুন জানার অভাব রয়েছে। শহরের বিভিন্ন হাটবাজার ও সড়কের পাশেও দেখা গেছে, একটার ওপর আরেকটা করে রাখা গ্যাস




২-এর পৃষ্ঠা দেখুন



# সরকারি প্রেসক্রিপশন ছিঁড়ে ফেললেন ডাক্তার!

### মেডিকেল অফিসার ডা. ফারুক হোসেনের বিরুদ্ধে লিখিত অভিযোগ

নিজস্ব প্রতিবেদক.গাংনী

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডা. ফারুক হোসেনের বিরুদ্ধে এক নারী ভুক্তভোগী লিখিত অভিযোগ করেছেন। গতকাল ৫ অক্টোবর রোববার গাংনী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কাছে ওই লিখিত অভিযোগ দেন ইসমোতা নামের এক মা।

অভিযোগে ইসমোতা জানান, গত ৩০ সেপ্টেম্বর তিনি তাঁর অসুস্থ শিশু আদিলকে চিকিৎসার জন্য ডা. ফারুক হোসেনের কাছে নিয়ে যান। চিকিৎসক শিশুটির জন্য কিছু পরীক্ষা-নিরীক্ষার পরামর্শ দিলে নিয়ম মেনে তিনি সেই পরীক্ষা করান। তবে অভিযোগকারী উল্লেখ করেন, পরীক্ষাগুলো চিকিৎসকের 'নির্দেশিত' বা 'পছন্দের' বেসরকারি ডায়াগনস্টিক সেন্টারে না করিয়ে তিনি অন্য একটি প্রতিষ্ঠানে করিয়েছিলেন। পরে রিপোর্ট নিয়ে পুনরায় চিকিৎককের কক্ষে গেলে, রিপোর্ট দেখে চিকিৎসক ক্ষিপ্ত হন এবং অসৌজন্যমূলক আচরণ করতে

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে বিশ্ব শিক্ষক দিবস উদযাপন আলোচনা সভা ও র‍্যালি

নিজস্ব প্রতিবেদক

"শিক্ষকতা পেশা মিলিত প্রচেষ্টা দীপ্ত" প্রতিপাদ্যে র‍্যালী ও আলোচনা সভার মধ্য দিয়ে মেহেরপুরে বিশ্ব শিক্ষক দিবস পালিত হয়েছে। গতকাল রবিবার সকালে মেহেরপুরে জেলা প্রশাসন ও জেলা শিক্ষা

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে আদালতে দ্রুত বিচার: সাক্ষ্য গ্রহণের রেকর্ড

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের তৃতীয় ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) প্রতিবেদনে দেখা গেছে, দ্রুত ও কার্যকরী বিচারিক কার্যক্রমে নতুন রেকর্ড স্থাপিত হয়েছে। অতীত ২য় ত্রৈমাসিকের (এপ্রিল-জুন) শেষে আদালতে ৯৫১টি মামলা ছিল। এরপর বিভিন্ন আদালত থেকে ৭৬টি মামলা যোগ হয়ে মোট মামলা দাঁড়ায় ১০২৭টি। এই ত্রৈমাসিকে ১৮৪টি মামলা নিষ্পত্তি করা হয়েছে এবং ৩৩৮টি মামলা বিভিন্ন আদালতে বদলী হয়েছে। বর্তমানে বিচারাধীন মামলা রয়েছে

২-এর পৃষ্ঠা দেখুন



## জাতীয় নির্বাচনের নিরাপত্তায় পুলিশের দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ শুরু

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে আগামী জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে নির্বাচনি দায়িত্ব সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে পুলিশের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি বিষয়ক তিন দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা শুরু হয়েছে। গতকাল রোববার (৫ অক্টোবর) মেহেরপুর পুলিশ লাইন্সে প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন মেহেরপুর জেলা পুলিশ সুপার মোহাম্মদ মনজুর

২-এর পৃষ্ঠা দেখুন

## ঝাউবাড়িয়ায় ফুটবল টুর্নামেন্টে মিতালি ক্লাবের জয়

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার ঝাউবাড়িয়া সত্য সন্ধ ক্লাবের আয়োজনে অনুষ্ঠিত ফুটবল টুর্নামেন্টে শিহালা মিতালি ক্লাব বিজয়ী হয়েছে। রবিবার বিকেলে ঝাউবাড়িয়া সত্য সন্ধ ক্লাব মাঠে খেলা ম্যাচে মিতালি ক্লাব ২-১ গোলে খোকসা একাদশকে পরাজিত করে। খেলার প্রথম অর্ধের ৩ মিনিটে শাওন গোল করে মিতালি ক্লাবকে এগিয়ে নেন। দ্বিতীয়ার্ধের ৯ মিনিটে সোহান গোল করে ব্যবধান দ্বিগুণ করেন। ২৫ মিনিটে খোকসার ইব্রাহিম একটি গোল করে ব্যবধান কমান। বিজয়ী দলের

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে ৬ জুয়াড়ি আটক

নিজস্ব প্রতিবেদক. গাংনী

মেহেরপুরের গাংনী উপজেলায় জুয়া খেলার সময় ৬ জনকে আটক করেছে পুলিশ। এ সময় তাদের কাছ থেকে নগদ ৫৪ হাজার ২০৫ টাকা ও এক সেট তাসসহ অন্যান্য আলামত জব্দ করা হয়েছে। শনিবার (৫ অক্টোবর ২০২৫) দিবাগত রাত আনুমানিক ১২ টার দিকে গাংনী থানার সাহারবাটি চারচারা বাজার এলাকা থেকে তাদের আটক করে। গাংনী থানার ওসি বানী ইসরাইল (ওসি) জানায়, গোপন সংবাদের ভিত্তিতে গাংনী থানা পুলিশ জানতে পারে সাহারবাটি চারচারা বাজারে

২-এর পৃষ্ঠা দেখুন



## কাজিপুর সীমান্তে মাদকসহ আটক দুই

নিজস্ব প্রতিবেদক, গাংনী

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর সীমান্তে অভিযান চালিয়ে দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে বিজিবি। শনিবার (৪ অক্টোবর) বিকেলে কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) এই অভিযান পরিচালনা করে। গতকাল রবিবার (৫ সেপ্টম্বর) বিজিবি এক প্রেস বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করেছে। আটককৃতরা হলো কাজিপুর গ্রামের বুড়িপোতা পাড়ার মঙ্গল মিয়ার ছেলে জুনায়েদ মিয়া (২৩) ও নিশিপুর গ্রামের মৃত মর্জেন আলীর ছেলে রানা হোসেন (২৮)। বিজিবি

২-এর পৃষ্ঠা দেখুন

## আ.লীগের বিচারের জন্য শিগগিরই তদন্ত শুরু হবে: চিফ প্রসিকিউটর

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই গণঅভ্যুত্থানের ঘটনায় অপরাধী সংগঠন হিসেবে আওয়ামী লীগের বিচারের আনুষ্ঠানিক তদন্ত শিগগিরই শুরু হবে বলে জানিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম। রোববার ট্রাইব্যুনাল প্রাঙ্গণে এক প্রেস ব্রিফিংয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, "মানবতাবিরোধী অপরাধের অভিযোগে দল হিসেবে আওয়ামী লীগের বিরুদ্ধে তদন্তের উদ্যোগ নেওয়া হয়েছে। জাতীয়তাবাদী গণতান্ত্রিক আন্দোলন (এনডিএম) নামে একটি রাজনৈতিক দল সম্প্রতি আমাদের কার্যালয়ে এ বিষয়ে

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে অবৈধ সেচ পাম্প স্থাপনের অভিযোগ

নিজস্ব প্রতিবেদক, গাংনী

মেহেরপুরের গাংনী উপজেলার মঠমুড়া ইউনিয়নের হোগলবাড়িয়া মাঠে অবৈধভাবে সেচ পাম্প বসানোর অভিযোগ উঠেছে এনারুল ইসলামের বিরুদ্ধে। এতে বৈধ সেচ পাম্প মালিক আমছের আলী আর্থিক ক্ষতিগ্রস্ত হয়েছেন বলে অভিযোগ করেছেন। ভুক্তভোগী আমছের আলী জানান, তিনি গত চার বছর ধরে হোগলবাড়িয়া মাঠে বৈধভাবে সেচ পাম্প পরিচালনা করে আসছেন। কিন্তু একই গ্রামের আফছার মণ্ডলের ছেলে এনারুল ইসলাম মাঠের ৫০৩৩ দাগে লাইসেন্স অনুযায়ী সেচ

২-এর পৃষ্ঠা দেখুন

# নামেনি বিএনপি, 'ফাঁকা মাঠে' তৎপর জামায়াত

সূর্যোদয় প্রতিবেদন

আগামী বছর ফেব্রুয়ারি মাসের প্রথমার্ধে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন আয়োজনের লক্ষ্য নিয়েছে সরকার। সব কিছু ঠিক থাকলে তিন মাসের মধ্যেই ঘোষিত হবে নির্বাচনের তফসিল। তবে ভোটের সময় এখনো কিছুটা বাকি থাকলেও এরই মধ্যে মাঠে নেমে পড়েছে রাজনৈতিক দলগুলো। নির্বাচনী উত্তাপ ছড়াতে শুরু করেছে রাজনীতির মাঠেও। এর মধ্যে সবচেয়ে বেশি তৎপর দেখা যাচ্ছে জামায়াতে ইসলামীর নেতাকর্মীদের। দলটি ইতোমধ্যেই দেশের সব সংসদীয় আসনে সম্ভাব্য প্রার্থী চূড়ান্ত করেছে। স্থানীয় পর্যায় থেকে কেন্দ্র পর্যন্ত তারা নির্বাচনী প্রস্তুতি নিচ্ছে, প্রশিক্ষণ দিচ্ছে কর্মীদের। ছাত্রশিবির, নারী সংগঠন ও অন্যান্য সহযোগী সংগঠনও মাঠে নেমে পড়েছে। অন্যদিকে দেশের অন্যতম বৃহৎ রাজনৈতিক দল বিএনপি এখনও কার্যত নির্বাচনী মাঠে নেই। নীতিগতভাবে জনগণের দ্বারে যাওয়ার সিদ্ধান্ত নিলেও মাঠপর্যায়ে তেমন কোনো তৎপরতা দেখা যাচ্ছে না।

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ বলেন, 'বিএনপি নির্বাচনের প্রস্তুতির

২-এর পৃষ্ঠা দেখুন


মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক


**অনুবাক্য**
**মামুনুর রশিদ মামুন**
**খবর (মোল্লা ডায়াগনস্টিক'র দালাল সরকারি ডাক্তার)**

নামে মোল্লা কামে অন্য
আমরা কি মোল্লার ধার ধারি
ডায়াগনস্টিক সেন্টার খুলে
করে কসাইগীরি।
সরকারি ডাক্তার হয়ে সে
দালালি করে মোল্লা তে
টাকা তার এতো দরকার
লোভ পারে না সামলাতে।
রুগীর টিকেট ছিড়ে ফেলে
রাগে শরীর জ্বলে
যত গরম মনে মনে
রোগীর উপর ঝাড়ে।
ক্লিনিক গুলো বন্ধ করে
হাসপাতালে যাই চলো
দালাল ডাক্তার বিদায় দিলে
রুগী থাকবে ভাল ।



## পূজার ছুটিতে দাম বেড়েছিল আমদানির খবরে কমলো

নিজস্ব প্রতিবেদক

পূজার ছুটিতে স্থলবন্দর বন্ধ থাকায় মেহেরপুরে কাঁচা মরিচের দাম কয়েকগুণ বেড়ে গিয়েছিল। তবে ছুটির পর কাঁচা মরিচ আমদানির খবরের কারণে দাম হঠাৎ কমে অর্ধেকে নেমে এসেছে। দাম কমে যাওয়ায় ক্রেতাদের মধ্যে স্বস্তি ফিরে এসেছে, কিন্তু চাষিদের মধ্যে দেখা দিয়েছে অস্বস্তি। তারা দাবি করছেন, বাজার মূল্য কমে যাওয়ায়

২-এর পৃষ্ঠা দেখুন

## ইসরায়েলে গ্রেটা থুনবার্গসহ ফ্লোটিলা কর্মীদের ওপর ভয়াবহ নির্যাতনের অভিযোগ

সূর্যোদয় প্রতিবেদন

ইসরায়েলে আটক গ্রেটা থুনবার্গসহ গ্লোবাল সুমুদ ফ্লোটিলার কর্মীদের ওপর ভয়াবহ নির্যাতনের অভিযোগ উঠেছে। বন্দিশিবিরে তাদের সঙ্গে অমানবিক আচরণ করা হয়েছে বলে জানিয়েছেন মুক্তি পাওয়া কয়েকজন বিদেশি কর্মী। অভিযোগ অনুযায়ী, থুনবার্গকে চুল ধরে টেনে নিয়ে যাওয়া, জোর করে ইসরায়েলি পতাকায় চুমু খাওয়ানো এবং পতাকা জড়িয়ে দাঁড় করিয়ে রাখাসহ নানা অপমানজনক আচরণ করা হয়। শনিবার (৪ অক্টোবর) ফ্লোটিলার ১৩৭ কর্মীকে ইস্তাম্বুলে

২-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে ধানের শীষের পক্ষে গণসংযোগ ও পথসভা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম গতকাল রবিবার (৫ অক্টোবর) বিকালে মুজিবনগর উপজেলার মাঝপাড়া ও সোনাপুর গ্রামে গণসংযোগ ও পথসভা করেছেন। তিনি বিএনপি চেয়ারপার্সন তারেক রহমানের ৩১ দফা দাবি বাস্তবায়নসহ জাতীয়তাবাদী শক্তিকে

২-এর পৃষ্ঠা দেখুন


সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
■ অথেনটিক প্রোডাক্ট
■ সেরা দাম
■ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক,মেহেরপুর
হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১
আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।
■ বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ সোমবার ॥ ২১ আশ্বিন ১৪৩২ বাংলা ॥ ৬ অক্টোবর ২০২৫ইং

# দলগুলো একমত না হলে জুলাই সনদ বাস্তবায়নের পথ নির্ধারণ করবে কমিশন: আলী রীয়াজ

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই সনদ বাস্তবায়নের বিষয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে ঐক্যমত্য না হলে বাস্তবায়নের একাধিক প্রস্তাব সরকারকে দেওয়ার ঘোষণা দিয়েছে জাতীয় ঐকমত্য কমিশন। রোববার (৫ অক্টোবর) ফরেন সার্ভিস একাডেমি মিলনায়তনে রাজনৈতিক দলগুলোর সঙ্গে আয়োজিত সংলাপের চতুর্থ দিনে এ কথা জানান কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ। তিনি বলেন, 'বাস্তবায়ন প্রক্রিয়া নিয়ে রাজনৈতিক দলগুলোর পক্ষ থেকে ছয়টি প্রস্তাব এসেছে। আমরা চেয়েছিলাম, আলোচনা ও সমন্বয়ের মাধ্যমে যদি এগুলোকে একটি অভিন্ন প্রস্তাবে রূপ দেওয়া যায়, তাহলে সেটি অন্তর্বর্তী সরকারের কাছে আমরা সানন্দে উপস্থাপন করবো। তবে দলগুলো যদি এক জায়গায় না আসতে পারে, তাহলে কমিশন বাস্তবায়নের একাধিক বিকল্প প্রস্তাব প্রস্তুত করে সরকারকে দেবে।' অধ্যাপক আলী রীয়াজ জানান, ১৬ সেপ্টেম্বরের আলোচনায় উঠে আসা প্রস্তাবগুলো ইতিমধ্যে বিশেষজ্ঞদের কাছে পাঠানো হয়েছে। তারা আগের অবস্থান ব্যাখ্যা করে কিছু পরামর্শও দিয়েছেন। তিনি আরও বলেন, 'রাজনৈতিক দলগুলো যদি একমত হতে পারে, তাহলে সনদ বাস্তবায়ন দ্রুত ও সহজ হবে। এ লক্ষ্যে আজ সকালে কমিশনের পক্ষ থেকে প্রধান উপদেষ্টা ও কমিশনের প্রধানের সঙ্গে বৈঠক হয়েছে। তিনি সব সময় অগ্রগতির বিষয়ে খোঁজখবর রাখছেন এবং দ্রুততার সঙ্গে কাজ এগিয়ে নেওয়ার তাগিদ দিয়েছেন।'
প্রধান উপদেষ্টার পরামর্শের বিষয়ে আলী রীয়াজ বলেন, 'সনদকে যেন সকলের কাছে গ্রহণযোগ্য করা যায় এবং এটি যেন সব রাজনৈতিক দলের স্বাক্ষরিত একটি জাতীয় দলিলে পরিণত হয়ড় প্রধান উপদেষ্টা সে বিষয়েও বিশেষ গুরুত্ব দিয়েছেন।' কমিশনের সহসভাপতি জানান, ১৫ অক্টোবরের আগে সনদ বাস্তবায়নের প্রক্রিয়া চূড়ান্ত করার লক্ষ্য নিয়েই তারা কাজ করছেন। তিনি বলেন, 'নির্বাচনী প্রস্তুতির কারণে রাজনৈতিক দলগুলোর সময় ও ব্যস্ততা বেড়েছে। তাই আমরা চাই, তাদের কর্মসূচিতে কোনো বিঘ্ন না ঘটিয়ে, দ্রুততার সঙ্গে এই প্রক্রিয়া শেষ করতে।' দলগুলোর প্রতি আহ্বান জানিয়ে তিনি বলেন, 'আপনারা যদি দলীয় অবস্থান অতিক্রম করে সম্মিলিতভাবে একটি প্রস্তাব দিতে পারেন, তাহলে বিশেষজ্ঞদের সঙ্গে আবার বসার প্রয়োজন হবে না। তবে ভিন্নমত থাকলে প্রয়োজন অনুসারে বিশেষজ্ঞদের মতামত নেওয়া হবে।' দেশের ভবিষ্যৎ ও নাগরিক অধিকার রক্ষায় জুলাই সনদের গুরুত্ব তুলে ধরে আলী রীয়াজ বলেন, 'বাংলাদেশের মানুষ তাদের প্রাণ, রক্ত ও ত্যাগের বিনিময়ে আমাদের একটি

৩-এর পৃষ্ঠা দেখুন

## জীবন ধারা



# ভালো লাগছে না? এই ৫টি কাজ করুন, জীবনের অর্থ বদলে যাবে

সূর্যোদয় প্রতিবেদন

'ভালো না লাগা' একটি মানসিক অবস্থা, যা প্রায় সবাই কোনো না কোনো সময়ে অনুভব করে। কিন্তু সুখবর হলো কিছু সহজ অভ্যাস গড়ে তুললেই জীবনে ফিরে আসতে পারে ইতিবাচকতা ও মানসিক প্রশান্তি। যুক্তরাজ্যের জাতীয় স্বাস্থ্যসেবা সংস্থা ন্যাশনাল হেলথ সার্ভিস এর বিশেষজ্ঞরা মানসিক সুস্থতা ধরে রাখার ৫টি কার্যকর উপায় জানিয়েছেন। ১. মানুষের সঙ্গে যোগাযোগ রাখুন : পারস্পরিক সম্পর্ক মানসিক স্বাস্থ্যের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। পরিবারের সদস্য ও বন্ধুদের সঙ্গে সময় কাটান, একসঙ্গে খাওয়াদাওয়া করুন, কারও সঙ্গে দেখা করার পরিকল্পনা করুন। শুধু অনলাইন যোগাযোগের ওপর নির্ভর না করে সরাসরি মানুষের সঙ্গে কথা বলার অভ্যাস করুন। ২. শারীরিকভাবে সক্রিয় থাকুন: শরীরচর্চা শুধু শারীরিক নয়, মানসিক স্বাস্থ্যেরও চাবিকাঠি। নিয়মিত হালকা ব্যায়াম, হাঁটা বা যোগব্যায়াম আত্মবিশ্বাস বাড়ায় এবং মন প্রফুল্ল রাখে। নিজের পছন্দের ব্যায়াম বেছে নিন যা আপনাকে আনন্দ দেয়। ৩. নতুন কিছু শিখুন: নতুন দক্ষতা রপ্ত করা মস্তিষ্ককে সক্রিয় রাখে এবং আত্মবিশ্বাস বাড়ায়। নতুন রান্না, ভাষা, প্রযুক্তি বা যে কোনো সৃষ্টিশীল কাজে যুক্ত হোন। তবে আগ্রহ

৩-এর পৃষ্ঠা দেখুন



# জুলাই সনদ নিয়ে ঐকমত্য না হলে আরেকটি অভ্যুত্থান অনিবার্য: এবি পার্টির মঞ্জু

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই সনদ বাস্তবায়নে রাজনৈতিক দলগুলোকে দ্রুত ঐকমত্যে পৌঁছানোর আহ্বান জানিয়ে সতর্ক করেছেন আমার বাংলাদেশ (এবি) পার্টির চেয়ারম্যান মজিবুর রহমান মঞ্জু। তিনি বলেছেন, সনদ নিয়ে ঐকমত্যে পৌঁছানো না গেলে দেশে আরেকটি গণঅভ্যুত্থান অনিবার্য হয়ে পড়বে। রোববার রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে জুলাই সনদের সংবিধান-সম্পর্কিত প্রস্তাব বাস্তবায়নের পদ্ধতি নিয়ে জাতীয় ঐকমত্য কমিশনের সঙ্গে রাজনৈতিক দলগুলোর চতুর্থ দিনের আলোচনার বিরতিতে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন মঞ্জু। তিনি বলেন, 'সনদ নিয়ে আমরা যদি ঐকমত্যের ভিত্তিতে সমঝোতা বা সমাধানে না আসি, তাহলে আরেকটি অভ্যুত্থান অনিবার্য। তখন কেউ পালানোর পথ পাবে না।' অহেতুক সাংবিধানিক বিতর্ক তুলে

৩-এর পৃষ্ঠা দেখুন

# ইসরায়েল গাজা থেকে সেনা প্রত্যাহার ও হামলা বন্ধে সম্মত

সূর্যোদয় প্রতিবেদন

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তার ট্রুথ সোশ্যালে প্রকাশিত এক পোস্টে জানিয়েছেন যে, ইসরায়েল গাজা উপত্যকার কিছু অংশ থেকে 'প্রাথমিকভাবে' সেনা প্রত্যাহার এবং বোমা হামলা সাময়িকভাবে বন্ধ করার বিষয়ে সম্মত হয়েছে। ট্রাম্প দাবি করেছেন যে এই সিদ্ধান্ত জিম্মি মুক্তি ও ২০ দফা শান্তি চুক্তি সম্পন্ন করার সুযোগ তৈরি করবে। ট্রাম্প জানিয়েছেন, ইসরায়েল আমারাড়্যুক্তরাষ্ট্রড়্বারা হামাসকে প্রদর্শন করা 'প্রাথমিক প্রত্যাহার লাইন' মেনে নিতে রাজি হয়েছে; হামাস যখন এই লাইন নিশ্চিত করবে তখন তাৎক্ষণিকভাবে যুদ্ধবিরতি কার্যকর হবে এবং ইসরায়েলি জিম্মি ও ফিলিস্তিনি বন্দি বিনিময় শুরু হবে। তিনি উল্লেখ করেন, পরবর্তী পর্যায়ের প্রত্যাহারের জন্য পরিস্থিতি তৈরি করা হবে।

৩-এর পৃষ্ঠা দেখুন



# তোফায়েল আহমেদের স্বাস্থ্য সঙ্কটাপন্ন

সূর্যোদয় প্রতিবেদন

আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য ও সাবেক বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদের শারীরিক অবস্থা সঙ্কটাপন্ন। তিনি কয়েক দিন ধরে রাজধানীর স্কয়ার হাসপাতালে লাইফ সাপোর্টে চিকিৎসাধীন রয়েছেন। শনিবার (৪ অক্টোবর) রাতে তার শারীরিক অবস্থার আরও অবনতি ঘটেছে।
তোফায়েল আহমেদের পরিবারের ঘনিষ্ঠ সূত্র জানিয়েছেন, রাত আটটার দিকে তার রক্তচাপ ও পালস কমে গিয়েছিল। পরে তা সামান্য স্বাভাবিক হলেও পরিস্থিতি এখনও সংকটাপন্ন। রাত পৌনে ১২টার দিকে জানা যায়, ডাক্তাররা এখনো কোনো আনুষ্ঠানিক ঘোষণা দেননি। তার হৃৎপিণ্ড সচল রয়েছে। তোফায়েল আহমেদ কয়েক বছর ধরে হুইলচেয়ারে চলাফেরা করছেন। স্ট্রোকের কারণে তার শরীরের

৩-এর পৃষ্ঠা দেখুন

# ভারত যুদ্ধ শুরু করলে ধ্বংসাবশেষে চাপা পড়বে: পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রী

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের নিরাপত্তা কর্মকর্তাদের সাম্প্রতিক মন্তব্যকে 'উসকানিমূলক' আখ্যা দিয়ে তীব্র প্রতিক্রিয়া জানিয়েছেন পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রী খাজা আসিফ। তিনি হুঁশিয়ারি দিয়ে বলেছেন, এবার ভারত যুদ্ধ শুরু করলে তারা নিজেদের যুদ্ধবিমানের ধ্বংসাবশেষের নিচেই সমাধিস্থ হবে, ইনশাআল্লাহ। রোববার (৫ অক্টোবর) ভোরে এক্সে (পূর্বে টুইটার) দেওয়া পোস্টে আসিফ বলেন, ভারতের সামরিক ও রাজনৈতিক নেতাদের সাম্প্রতিক বক্তব্য তাদের হারানো বিশ্বাসযোগ্যতা পুনরুদ্ধারের ব্যর্থ চেষ্টা। "একটি সুস্পষ্ট ৬০ পরাজয়ের পরও তারা যদি আবার চেষ্টা করে, পাকিস্তানের স্কোর আরও ভালো হবে," বলেন তিনি। আসিফ আরও বলেন, "পাকিস্তান আল্লাহর নামে

৩-এর পৃষ্ঠা দেখুন



# অনেক উপদেষ্টা নিজেদের আখের গুছিয়েছেন: নাহিদ ইসলাম

সূর্যোদয় প্রতিবেদন

অন্তর্বর্তী সরকারের উপদেষ্টাদের অনেকেই বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে লিয়াজোঁ করে ফেলেছেন বলে অভিযোগ করেছেন সাবেক উপদেষ্টা ও জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক নাহিদ ইসলাম। ওইসব উপদেষ্টা নিজেদের সেফ এক্সিটের কথা ভাবছেন বলেও মন্তব্য করেছেন তিনি। সম্প্রতি একটি বেসরকারি টেলিভিশনকে দেওয়া সাক্ষাৎকারে নাহিদ ইসলাম বলেন, যারা উপদেষ্টা হয়েছেন, তাদের অনেককেই বিশ্বাস করা আমাদের ভুল হয়েছে। আমাদের উচিত ছিল ছাত্র নেতৃত্বকেই শক্তিশালী করা, সরকারে গেলে সম্মিলিতভাবে যাওয়া। আমরা নাগরিক সমাজ ও রাজনৈতিক দলকে যে বিশ্বাস করেছিলাম বা তাদের ওপর আস্থা রেখেছিলাম সেই জায়গায় আমরা আসলে প্রতারিত হয়েছি। সাবেক এই উপদেষ্টা বলেন, অনেক

৩-এর পৃষ্ঠা দেখুন



# আন্তর্জাতিক টি টোয়েন্টিতে বিশ্বরেকর্ড গড়লেন মুস্তাফিজ

সূর্যোদয় প্রতিবেদন

আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে নতুন 'ডট মাস্টার' হিসেবে ইতিহাস গড়লেন বাংলাদেশের পেসার মুস্তাফিজুর রহমান। আফগানিস্তানের বিপক্ষে শুক্রবার (৩ অক্টোবর) অনুষ্ঠিত ম্যাচে মুস্তাফিজ তার ব্যতিক্রমী বোলিংয়ে কিউই তারকা টিম সাউদির রেকর্ড ভাঙলেন। মুস্তাফিজের আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে ডট বলের সংখ্যা আফগানিস্তানের দ্বিতীয়

৩-এর পৃষ্ঠা দেখুন

# নারী বিশ্বকাপের ম্যাচেও হাত মেলাননি ভারত-পাকিস্তান অধিনায়ক

সূর্যোদয় প্রতিবেদন

নারী বিশ্বকাপেও দেখা গেলো 'একরোখা' ভারতকে। এশিয়া কাপের পর বৈশ্বিক মঞ্চেও ঘটালো একই কাণ্ড। ছেলেদের মতো ভারতীয় মেয়েরাও টসের আগে-পরে পাকিস্তান অধিনায়কের সাথ হাত মেলান-নি। এশিয়া কাপে হাত মেলানো নিয়ে বিতর্ক কম হয়নি। আসরে ভারত-পাকিস্তান তিনবার মুখোমুখি হলেও একবারও দুই অধিনায়ক হাত মেলাননি। ম্যাচের পর মানা হয়নি খেলোয়াড়দের হাত মেলানোর রীতিও। কলম্বোর প্রেমাদাসা স্টেডিয়ামে রোববার নারী

৩-এর পৃষ্ঠা দেখুন



# জাতিসংঘের সঙ্গে সহযোগিতা আর প্রাসঙ্গিক নয়: ইরান

সূর্যোদয় প্রতিবেদন

আন্তর্জাতিক নিষেধাজ্ঞা পুনর্বহালের পর জাতিসংঘের পারমাণবিক সংস্থা আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থার (আইএইএ) সঙ্গে সহযোগিতা এখন আর প্রাসঙ্গিক নয় বলে ঘোষণা দিয়েছে ইরান। রোববার (৫

৩-এর পৃষ্ঠা দেখুন

# নেপালে বন্যাভূমিধসে ৪৭ জনের প্রাণহানি, নিখোঁজ ৯

সূর্যোদয় প্রতিবেদন

নেপালে টানা প্রবল বৃষ্টিপাতে সৃষ্ট ভূমিধস ও আকস্মিক বন্যায় অন্তত ৪৭ জনের মৃত্যু হয়েছে। নিখোঁজ রয়েছেন আরও নয়জন। গত শুক্রবার থেকে শুরু হওয়া অতি বৃষ্টিতে দেশটির পূর্বাঞ্চলে ভয়াবহ পরিস্থিতি সৃষ্টি হয়েছে। ভেঙে গেছে সেতু, বন্ধ হয়ে গেছে গুরুত্বপূর্ণ সড়কপথ। রোববার (৫ অক্টোবর) নেপালের দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ও পুলিশ কর্মকর্তারা এসব তথ্য নিশ্চিত করেছেন। নেপাল পুলিশের মুখপাত্র কালিদাস ধৌবোজি জানান, ভারতের পূর্ব সীমান্তবর্তী ইলাম জেলায় পৃথক পৃথক

৩-এর পৃষ্ঠা দেখুন


✨ জামান বস্ত্রালয় ✨
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার-কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

## প্রযুক্তি

# ঘরে বসেই আয়: অনলাইন দুনিয়ায় নতুন সম্ভাবনা

সূর্যোদয় প্রতিবেদন

ইন্টারনেট ও প্রযুক্তির কল্যাণে ঘরে বসেই এখন আয় করা সম্ভব। শিক্ষার্থী, গৃহিণী কিংবা চাকরিজীবীড়্যে কেউ সামান্য দক্ষতা অর্জন করলেই অনলাইনে কাজ শুরু করতে পারেন। সবচেয়ে জনপ্রিয় মাধ্যম হলো ফ্রিল্যান্সিং। ক্লায়েন্টের কাজ সম্পন্ন করে ঘণ্টায় ৫ থেকে ১০০ ডলার পর্যন্ত আয় করা যায়। এছাড়া নিজের ওয়েবসাইট বা ব্লগ খুলে গুগল অ্যাডসেন্স ও অ্যাফিলিয়েট মার্কেটিংয়ের মাধ্যমে আয় করা যায়। আবার গ্রাফিক ডিজাইন, অনুবাদ, কনটেন্ট রাইটিং বা ওয়েব ডিজাইনের চাহিদাও এখন অনেক। যারা শিক্ষকতা বা বিশেষ কোনো বিষয়ে দক্ষ, তারা অনলাইন টিউশন দিতে পারেন বা কোর্স বিক্রি করতে পারেন। বিভিন্ন প্ল্যাটফর্মে সহজেই কাজের সুযোগ মিলছে। তরুণদের মধ্যে ইউটিউব ও সোশ্যাল মিডিয়া এখন আয়ের নতুন উৎস। সৃজনশীল ভিডিও ও নিয়মিত



৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা।
(শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ

এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর ◻ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র ◻ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
উরোলজি বিশেষজ্ঞ
ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)
কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।
রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
মেডিসিন বিশেষজ্ঞ
ডা. মো. আতিকুর রহমান
এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।
রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)
ডা. মো. মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা।
ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।
রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।
ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)
আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, সোমবার, ৬ অক্টোবর ২০২৫ ইং

## সরকারি চিকিৎসকের দায়বদ্ধতা কোথায়?

মেহেরপুরের গাংনীর মোল্লা ডায়াগনস্টিক ও কনসাল্টেশন সেন্টারকে ঘিরে ওঠা সাম্প্রতিক অভিযোগ আমাদের আবারও ভাবিয়ে তুলেছে সরকারি স্বাস্থ্যসেবার নৈতিকতা ও জবাবদিহিতা নিয়ে। অভিযোগের মূল কেন্দ্রবিন্দুতে রয়েছেন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডা. ফারুক হোসেন যিনি নাকি সরকারি দায়িত্ব পালনের পাশাপাশি একটি বেসরকারি ডায়াগনস্টিক সেন্টারের দালালির ভূমিকা পালন করছেন।

যদি অভিযোগটি সত্য হয়, তবে এটি কেবল অনৈতিকই নয়, এটি এক ধরনের জনসেবার প্রতি বিশ্বাসঘাতকতা। সরকারি হাসপাতালের রোগীদের নির্দিষ্ট বেসরকারি প্রতিষ্ঠানে টেস্ট করানোর জন্য চাপ দেওয়া, এমনকি তা না করায় সরকারি টিকিট ছিঁড়ে ফেলার মতো আচরণ, এসব কর্মকাণ্ড সরকারি চিকিৎসকের দায়িত্ববোধকে প্রশ্নবিদ্ধ করে। স্বাস্থ্যসেবা মানুষের মৌলিক অধিকার। সেখানে ডাক্তার যদি রোগী বাছাই করেন টেস্টের জায়গা দেখে, তাহলে সরকারি হাসপাতাল হয়ে উঠবে বাণিজ্যের বাজার, সেবার স্থান নয়। স্থানীয়দের বক্তব্য অনুযায়ী, বিষয়টি নতুন নয়। বরং দীর্ঘদিন ধরে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ভেতরে ও বাইরে এমন "কমিশন বাণিজ্য" চলছে। ডাক্তাররা সরকারি চেম্বারে বসে রোগী টানেন নিজেদের বা পছন্দের ডায়াগনস্টিক সেন্টারে। ফলে সরকারি সেবার মান যেমন কমে যায়, তেমনি গরিব মানুষকে ঠেলে দেওয়া হয় অতিরিক্ত খরচের ফাঁদে।

অবশ্য অভিযুক্ত চিকিৎসক ঘটনাটিকে অপপ্রচার বলে উড়িয়ে দিয়েছেন। তাঁর বক্তব্য শোনা জরুরি, কিন্তু সেটিই যদি চূড়ান্ত ব্যাখ্যা হয়ে দাঁড়ায়, তাহলে প্রশাসনের ভূমিকা কোথায়? জেলা স্বাস্থ্য বিভাগ ও সিভিল সার্জনের অফিস যদি এমন অভিযোগে "লিখিত অভিযোগের অপেক্ষা" করে বসে থাকে, তবে সাধারণ মানুষ কার কাছে যাবে? আমরা মনে করি, স্বাস্থ্য প্রশাসনের উচিত অবিলম্বে বিষয়টি তদন্ত করা, সত্যতা মিললে কঠোর প্রশাসনিক ব্যবস্থা নেওয়া। গাংনীতে বা অন্য কোথাও সরকারি চিকিৎসকের বেসরকারি কমিশন বাণিজ্যের সংস্কৃতি যদি রোধ করা না যায়, তবে মানুষের আস্থা সরকারি চিকিৎসা ব্যবস্থার ওপর একেবারে ভেঙে পড়বে। সরকারি হাসপাতাল হলো সেবার স্থান, ব্যবসার নয়ড়এই সত্যটি প্রতিটি চিকিৎসক ও প্রশাসককে আবারও মনে করিয়ে দেওয়ার সময় এসেছে।

## সরকারি প্রেসক্রিপশন ছিঁড়ে ফেললেন

(প্রথম পৃষ্টার পর)

থাকেন। অভিযোগে আরও বলা হয়, একপর্যায়ে তিনি সবার সামনে প্রেসক্রিপশন ছিঁড়ে ফেলেন। হাসপাতালের অভ্যন্তরীণ সূত্র জানায়, কয়েকজন চিকিৎসক দীর্ঘদিন ধরেই নির্দিষ্ট ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারে টেস্ট রেফার করে কমিশনভিত্তিক বাণিজ্যে জড়িত, যা সরকারি হাসপাতালের রোগীদের ক্ষতিগ্রস্ত করছে এবং সরকারের প্রতি জনগণের আস্থা হ্রাস করছে। স্থানীয় সচেতন মহল ও রোগীরা ব্যাপক প্রতিক্রিয়া জানিয়ে বলেন, এর আগেও ডা. ফারুক হোসেনের বিরুদ্ধে অনৈতিক টেস্ট বাণিজ্যের অভিযোগ উঠলেও অভ্যন্তরীণ তদন্তে তিনি বারবার দায়মুক্তি পেয়েছেন। ফলে সাধারণ রোগীদের মধ্যে ক্ষোভ ও অবিশ্বাস বাড়ছে। স্থানীয়রা দাবি করেন, এমন আচরণ যদি দৃষ্টান্তমূলক শাস্তি না হয় তবে সরকারি স্বাস্থ্যসেবার প্রতি জনগণের আস্থা ভেঙে যাবে। তারা বলেন, উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেটের তত্ত্বাবধানে নিরপেক্ষভাবে তদন্ত করে অভিযুক্তদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হোক।

এ বিষয়ে গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আব্দুল্লাহ আল আজিজ জানান, লিখিত অভিযোগ পেয়েছি এবং বিষয়টি গুরুত্বের সঙ্গে তদন্ত করা হচ্ছে। অভিযোগের সত্যতা প্রমাণিত হলে বিধি অনুযায়ী সংশ্লিষ্ট চিকিৎসকের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। উল্লেখ্য,গতকাল রোববার দৈনিক 'আমাদের সূর্যোদয়' পত্রিকায় "মোল্লার ডায়াগনস্টিকের দালাল সরকারি ডাক্তার" শিরোনামে সংবাদ প্রকাশ হয়।

## মেহেরপুরে লাইসেন্সবিহীন এলপিজি

(প্রথম পৃষ্টার পর)

সিলিন্ডার। কিছু দোকানে অগ্নিনির্বাপক যন্ত্র থাকলেও তা অকেজো বা মেয়াদোত্তীর্ণ। ফায়ার সার্ভিসের উপসহকারী পরিচালক সাকরিয়া হায়দার বলেন, জেলায় মোট ৩০০টি প্রতিষ্ঠানে অগ্নিনির্বাপণ ব্যবস্থাপনার লাইসেন্স দেওয়া হয়েছে। এর বাইরে অনেক দোকান এলপিজি বিক্রি করছে, তাদের তালিকা তৈরি করা হচ্ছে। বিস্ফোরক পরিদপ্তরের খুলনা অঞ্চলের পরিদর্শক মো. আসাদুল ইসলাম জানান, জনবল সংকটের কারণে জেলা পর্যায়ে নিয়ন্ত্রণ রাখা কঠিন। তবে মাঝে মাঝে অভিযান পরিচালনা করা হচ্ছে। বিশেষজ্ঞরা মনে করাচ্ছেন, লাইসেন্সবিহীন এলপিজি সিলিন্ডার ও পেট্রল বিক্রি ভবিষ্যতে বড় ধরনের অগ্নিকাণ্ড ঘটাতে পারে। তাই স্থানীয় প্রশাসন ও সংশ্লিষ্ট বিভাগকে নিয়মিত অভিযান ও জনসচেতনতা বৃদ্ধির মাধ্যমে ঝুঁকি কমাতে হবে।

## দরজা ভেঙে মিলল বিএনপির নেতার

(প্রথম পৃষ্টার পর)

মাহমুদের বড় ভাই। পারিবারিক সূত্রে জানা গেছে, শিপলু কয়েক বছর আগে হার্টে রিং স্থাপন করিয়েছিলেন। দুই দিন আগে তিনি রুটিন চেকআপের জন্য ঢাকায় এসেছিলেন। শনিবার রাতে ঢাকার ধানমন্ডির সোবহানবাগ এলাকায় ছোট ভাই মির্জা সায়েম মাহমুদের বাড়িতে একাই ছিলেন। রাত ১২টার পর থেকে তার মোবাইল রিসিভ হচ্ছিল না। রোববার সকালে দরজা ভেঙে দেখা যায় তিনি মৃত অবস্থায় বিছানায় পড়ে আছেন। শিপলুর স্ত্রী শিমু খাতুন জানিয়েছেন, তাদের ধারণা তিনি ঘুমের মধ্যে আকস্মিক স্ট্রোকে আক্রান্ত হয়ে মারা গেছেন। চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাধারণ সম্পাদক শরীফুজ্জামান শরীফ যুগান্তরকে বলেন, "বিএনপির একজন নিবেদিত ও জনপ্রিয় নেতা আমাদের থেকে ছিটকে গেলেন। শিপলুর অকাল মৃত্যু দলের জন্য অপূরণীয় ক্ষতি। আমরা তার প্রয়াণে গভীর শোকাহত।" চুয়াডাঙ্গার বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক মহলে শিপলুর মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছে। জেলা বিএনপি নেতৃবৃন্দ সামাজিক যোগাযোগ মাধ্যমে শোক প্রকাশ করেছেন এবং তার অবদান স্মরণ করেছেন। শিপলুর ছোট ভাই, নেত্রকোনা জেলার পুলিশ সুপার মির্জা সায়েম মাহমুদ জানিয়েছেন, সোমবার সকাল ১০টায় চুয়াডাঙ্গায় তার জানাজা ও দাফন সম্পন্ন হবে।

## জাতীয় নির্বাচনের নিরাপত্তায়

(প্রথম পৃষ্টার পর)

আহমেদ সিদ্দিকী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) ও অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস)সহ প্রশিক্ষকবৃন্দ। পুলিশ সূত্রে জানা গেছে, নির্বাচনি দায়িত্বে নিয়োজিত সদস্যদের পেশাগত দক্ষতা বৃদ্ধি, আইন-শৃঙ্খলা রক্ষা এবং ভোটকেন্দ্রের নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য এ প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। জেলার বিভিন্ন ইউনিট থেকে কনস্টেবল হতে পুলিশ পরিদর্শক পদমর্যাদার মোট ৫০ জন অংশগ্রহণ করছেন। উদ্বোধনী অনুষ্ঠানে পুলিশ সুপার মনজুর আহমেদ সিদ্দিকী বলেন, "নির্বাচনের সময় দায়িত্ব পালনে পেশাদারিত্ব, নিরপেক্ষতা ও জনসেবার মানসিকতা বজায় রাখা পুলিশের সবচেয়ে বড় দায়িত্ব। এই প্রশিক্ষণ সেই লক্ষ্য অর্জনে সহায়ক হবে।"প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণকারীদের নির্বাচনি আইন, নৈতিকতা, মানবাধিকার, সংঘাত ব্যবস্থাপনা ও নিরাপত্তা কৌশল বিষয়ে বিশেষ প্রশিক্ষণ দেওয়া হবে।

## ঝাউবাড়িয়ায় ফুটবল টুর্নামেন্টে

(প্রথম পৃষ্টার পর)

সোহান ম্যান অব দ্যা ম্যাচ এবং শাওন সেরা খেলোয়াড় নির্বাচিত হন। খেলা শেষে টুর্নামেন্ট কমিটির সভাপতি মতিয়ার রহমান, সাধারণ সম্পাদক আজমাইন হোসেন, সহ-সভাপতি মামলত হোসেন, সহ-সচিব জাকির হোসেন, শাহাবুদ্দিন আহমেদ, ফেরদৌস, লালটু ও টুলটু উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন।

লাবীবা আরজুমান্দ

# প্রকৃতি সতর্ক করছে কিন্তু আমরা কি প্রস্তুত?



ফিলিপাইন ও ইন্দোনেশিয়া সহ সাম্প্রতিক ভূমিকম্পগুলি আমাদের আবারও মনে করিয়ে দেয় ভূমিকম্প কতটা ভয়ঙ্কর হতে পারে এবং যদি আমাদের দেশে এমন কোনো বিপর্যয় ঘটে তবে আমরা এ ধরনের দুর্যোগ মোকাবিলায় কতটা অপ্রস্তুত। বাংলাদেশ ভৌগলিকভাবে সক্রিয় ভূমিকম্প প্রবণ ফল্ট লাইনের অত্যন্ত কাছাকাছিতে অবস্থিত। ফলস্বরূপ বিধ্বংসী কোন ভূমিকম্পের সম্মুখীন হওয়া শুধু সময়ের ব্যাপার মাত্র। রাজধানী ঢাকা এই ঝুঁকির কেন্দ্রবিন্দুতে অবস্থান করলেও দেশের অন্যান্য শহরগুলোও এই আসন্ন হুমকির ছায়ার বহির্ভূত নয়। কিন্তু শহরগুলোর অনিয়ন্ত্রিত নগরায়ন কেবল ঝুঁকিগুলোকে বাড়িয়ে তুলেছে। নগরায়নের দ্রুত সম্প্রসারণের ফলে অনেক ভবনই যথাযথ নিরাপত্তা মান অনুসরণ না করেই নির্মিত হচ্ছে। যথাযথ নিরাপত্তা কোড উপেক্ষা করে গড়ে ওঠা এসব কাঠামোর অধিকাংশই ভূমিকম্পের আঘাতে মুহূর্তে ধসে পড়ার ঝুঁকিতে রয়েছে। বিশেষ করে ঢাকা, বিশ্বের অন্যতম ঘনবসতিপূর্ণ শহর হিসেবে এই পরিস্থিতিকে একেবারে সময়ের অপেক্ষায় থাকা টাইম বোমায় পরিণত করেছে। ঝুঁকিপূর্ণ কাঠামোর পাশাপাশি শহরের সীমিত খোলা স্থান ও অপর্যাপ্ত উদ্ধারপথ গড়ে তুলছে এক জটিল পরিবেশ, যা সম্ভাব্য প্রাণহানিকে ভয়াবহ মাত্রায় নিয়ে যেতে পারে। কেননা অব্যবস্থাপনা, অপরিকল্পিত বস্তিবাস এবং ক্রমবর্ধমান জনবসতির কারণে এমন শহরগুলো প্রাকৃতিক বিপদের সময় সম্ভাব্য মানবিক ক্ষতির মাত্রাকে আরও গুরুতর করে তোলে।এই বাস্তবতার পরও আমাদের ভূমিকম্প প্রস্তুতি এখনো অপর্যাপ্ত ও অপ্রতুল বললেও তা আসল অবস্থাকে ছোট করে বলা হবে। সচেতনতা বৃদ্ধির কার্যক্রম, জরুরি মহড়া, এবং অবকাঠামোকে শক্তিশালী করার উদ্যোগগুলো প্রায় নেই বললেই চলে। সম্ভাব্য বিপর্যয়ের মাত্রা বিবেচনা করলে এ ধরনের উদাসীনতা সত্যিই হতবাক করার মতো। এটি শুধু তাত্ত্বিক ঝুঁকি নয়ড়এটি বাস্তব হুমকি, যা মোকাবিলায় এখনই জাতীয় ও স্থানীয় পর্যায়ে জরুরি ও সমন্বিত পদক্ষেপ গ্রহণ করতে হবে। কঠোর নির্মাণ নীতি কার্যকর করা, ঝুঁকিপূর্ণ অবকাঠামো চিহ্নিত করা ও মজবুত করা, ভূমিকম্প প্রস্তুতি নিয়ে জনসচেতনতা বৃদ্ধি করা, নিয়মিত ও বাধ্যতামূলক ভূমিকম্প মহড়া পরিচালনা করাড়এসব পদক্ষেপ অবিলম্বে গ্রহণ করতে হবে। এছাড়া, শহর পরিকল্পনা, খোলা স্থান বৃদ্ধি, ও দ্রুত সাড়া দেওয়ার ব্যবস্থাও এই উদ্যোগের অপরিহার্য অংশ। আমরা আর উদাসীন হওয়ার ঝুঁকি নিতে পারি না। আমাদের অপ্রস্তুত শহরগুলোর মধ্যে যদি ভয়াবহ একটি ভূমিকম্প আঘাত হানে, তবে সেটি হবে অকল্পনীয় মাত্রার এক বিপর্যয়। দুর্ভাগ্যজনকভাবে আমরা জাতি হিসেবে সবসময়ই প্রতিক্রিয়াশীল থেকেছি, কিন্তু এবার অপেক্ষা করার সুযোগ নেই। এবার বিপর্যয় আঘাত হানার আগেই প্রস্তুতি নেওয়া একমাত্র উপায়। (বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি), ঢাকা)

# সুরা এখলাস: তাওহিদের মর্মবাণী ও অফুরন্ত ফজিলত

মুহাম্মদ আল আমিন

কুরআনে কারিমের সংক্ষিপ্ত অথচ গভীর অর্থবহ একটি সুরা হলো সুরা এখলাস। মাত্র চার আয়াতের এই সুরায় আল্লাহ তায়ালার সত্তাগত পরিচয় ও তাওহিদের পূর্ণ শিক্ষা অনবদ্যভাবে প্রকাশ পেয়েছে। ছোট হলেও এটি মর্যাদা ও সওয়াবের দিক থেকে কুরআনের এক-তৃতীয়াংশের সমান এমন ঘোষণা দিয়েছেন প্রিয় নবী হযরত মুহাম্মদ (সা.)। সুরা এখলাসে বলা হয়েছে, "বলুন, তিনিই আল্লাহ, এক; আল্লাহ নির্ভরশীল সত্তা; তিনি জন্ম দেননি, জন্মও নেননি; এবং তাঁর সমতুল্য কেউ নেই।" এই আয়াতগুলোয় আল্লাহর একত্ব, অদ্বিতীয়তা, নির্ভরশীলতা ও তুলনাহীনতা ঘোষণা করা হয়েছে। এক কথায় এটি ইসলামি আকিদার মূল ভিত্তি তাওহিদ। সহিহ বুখারিতে হজরত আবু সাঈদ খুদরি (রা.) বর্ণনা করেন, এক ব্যক্তি সুরা এখলাস বারবার পাঠ করছিলেন। পরদিন নবীজি (সা.)-কে বিষয়টি জানানো হলে তিনি বলেন, "যিনি আমার প্রাণের মালিক, তাঁর কসম! সুরা এখলাস কুরআনের এক-তৃতীয়াংশের সমান।" অন্য বর্ণনায় নবীজি (সা.) বলেন, "আল্লাহ তাআলা পুরো কুরআনকে তিন ভাগে ভাগ করেছেন, আর সুরা এখলাস সেই তিন ভাগের এক ভাগ।"নবীজি (সা.) বলেন, "যে ব্যক্তি সুরা এখলাস দশবার পাঠ করবে, আল্লাহ তাআলা তার জন্য জান্নাতে একটি অট্টালিকা নির্মাণ করবেন।" হজরত উমর (রা.) বললেন, 'তাহলে তো আমরা অনেক অট্টালিকা পাব।' নবীজি (সা.) জবাব দিলেন, "আল্লাহ তাআলা এর চেয়েও অধিক দানকারী ও পবিত্র।" ইবনে কাসিরের তাফসিরে আরও এসেছে, " যে ব্যক্তি এটি ২০ বার পড়বে, তার জন্য দুটি অট্টালিকা এবং ৩০ বার পড়লে তিনটি অট্টালিকা নির্মাণ করা হবে।" হজরত আনাস (রা.) বর্ণনা করেন, এক ব্যক্তি নবীজি (সা.)-কে বললেন, 'আমি সুরা এখলাসকে ভালোবাসি।' নবীজি (সা.) বললেন, "তোমার এই সুরার ভালোবাসাই তোমাকে জান্নাতে পৌঁছে দেবে।"

সুরা এখলাস শুধু মুখস্থ করার সুরা নয়; এটি আল্লাহর একত্ববাদের ঘোষণা, ঈমানের দৃঢ় অঙ্গীকার। যে ব্যক্তি একনিষ্ঠভাবে এ সুরা পাঠ করে এবং এর অর্থ অনুধাবন করে জীবন পরিচালনা করে, তার জন্য রয়েছে জান্নাতের অগণিত পুরস্কার ও আল্লাহর অশেষ রহমত। আল্লাহ তাআলা আমাদের সবাইকে সুরা এখলাসের আলোয় জীবন গঠন করার তাওফিক দিন। আমিন।

## চিফ প্রসিকিউটর

(প্রথম পৃষ্টার পর)

আনুষ্ঠানিক অভিযোগ দাখিল করেছে। অভিযোগটি গুরুত্বসহকারে যাচাই-বাছাই চলছে।" চিফ প্রসিকিউটর আরও বলেন, "সুতরাং বলা যেতে পারে, আমরা এখন দল হিসেবে আওয়ামী লীগের বিরুদ্ধে অপরাধী সংগঠন হিসেবে বিচারের মুখোমুখি করার প্রাথমিক তদন্তের কাজ শুরু করতে যাচ্ছি। তদন্ত পূর্ণমাত্রায় শুরু হলে বোঝা যাবেড়বিচার প্রক্রিয়াটি কোন পর্যায়ে যেতে পারে। আপাতত অভিযোগ যাচাই-বাছাইয়ের কাজ চলছে, তবে খুব শিগগিরই আনুষ্ঠানিক তদন্ত শুরু হবে।" তিনি জানান, চলতি মাসেই এই বিষয়ে উল্লেখযোগ্য অগ্রগতি দেখা যেতে পারে। "ইতিমধ্যে অনেক মামলার বিচার চলছে, বেশ কয়েকটি মামলার রায় প্রক্রিয়াধীন। পাশাপাশি কিছু গুরুত্বপূর্ণ মামলার চার্জশিটও এই সপ্তাহেই দাখিল হবে বলে আশা করছি," বলেন তাজুল ইসলাম। চিফ প্রসিকিউটর আরও উল্লেখ করেন, "মানবতাবিরোধী অপরাধে জড়িতদের বিচারে সরকার ও ট্রাইব্যুনাল উভয়ই দৃঢ় অবস্থানে রয়েছে। কোনো অভিযোগই উপেক্ষিত থাকবে না।"

## পূজার ছুটিতে দাম বেড়েছিল

(প্রথম পৃষ্টার পর)

তাদের লাভের চেয়ে লোকশান বেশি হওয়ার আশঙ্কা রয়েছে। মেহেরপুর জেলায় পাইকারী বাজারে গত সপ্তাহে প্রতি কেজি কাঁচা মরিচ বিক্রি হয়েছিল ৯০-১১০ টাকা, আর খুচরা বাজারে ১৫০-১৬০ টাকা। পূজার ছুটির সময় দাম বেড়ে যায় পাইকারি বাজারে ৩১০-৩২০ টাকা এবং খুচরা বাজারে ৩৭০-৩৯০ টাকা পর্যন্ত। কিন্তু আজ কাঁচা মরিচের দাম আবার কমে গিয়ে পাইকারী বাজারে ১৪০-১৬০ টাকা এবং খুচরা বাজারে ১৯০-২০০ টাকা পর্যন্ত নেমে এসেছে। মরিচ ব্যবসায়ীরা বলছেন, দাম বেড়ে যাওয়ায় চাষিরা সব ধরনের মরিচ বাজারে এনেছিলেন। বর্তমানে আমদানির খবরের কারণে হাটে মরিচের সরবরাহ কমে গেছে, যার ফলে আবার দাম বাড়ার সম্ভাবনা তৈরি হয়েছে।

চাষিরা জানান, অতিবৃষ্টির কারণে অনেক মরিচ গাছ নষ্ট হয়ে গেছে। মজি নামের এক কৃষক বলেন, "মাঠ পানিতে ডুবে গেছে, মরিচ গাছ অর্ধেক মারা গেছে। দাম বেড়ে যাওয়ায় আশা ছিল, উৎপাদন কম হলেও লাভ হবে। কিন্তু এখন দাম আগের মতো নেমে গেছে, লোকশান বেশি হবে।"

কৃষক মিজান জানান, "মাঠে গাছ কম, একজন শ্রমিক দিনে ২০ কেজি মরিচ তুলতে পারে। কিন্তু মুজুরি খরচ ৪০০ টাকা। দাম কমে গেলে খরচই উঠে না, টিকে থাকা কঠিন হবে।" ব্যবসায়ী নজরুল বলেন, "তিন দিন আগে পাইকারি ৩১০-৩২০ টাকায় কিনেছিলাম। আজ কিনছি ১৪০-১৬০ টাকায়। আমদানি কমে গেলে আবার দাম বাড়ার সম্ভাবনা রয়েছে। ডিজিটাল যুগে চাষিরা এক মিনিটেই আমদানি খোঁজ পেয়ে যাচ্ছে।"

## মুজিবনগরে ধানের শীষের পক্ষে

(প্রথম পৃষ্টার পর)

শক্তিশালী করার গুরুত্ব তুলে ধরেন। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক হাজী মশিউর রহমান, মহাজনপুর ইউনিয়ন বিএনপির সভাপতি আশরাফুল হক কালু, সাধারণ সম্পাদক সোনা গাইন, বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক ইসলাম আলী, মোনাখালী ইউনিয়ন বিএনপির সভাপতি রায়হান কবীর, সাধারণ সম্পাদক আনিসুজ্জামান টুটুল, দারিয়াপুর ইউনিয়ন বিএনপির সভাপতি হাফিজুর, সাধারণ সম্পাদক জিয়াউর রহমান, জেলা যুবদলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান ভিকু, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক নাহিদুল ইসলাম, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রদলের সভাপতি ফাহিম আহনাফ লিংকনসহ বিভিন্ন ইউনিয়ন, ওয়ার্ড ও গ্রাম বিএনপি, যুবদল, কৃষক দল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের নেতা-কর্মীরা।

## ইসরায়েলে গ্রেটা থুনবার্গসহ ফ্লোটিলা

(প্রথম পৃষ্টার পর)

ফেরত পাঠায় ইসরায়েল। তাদের মধ্যে ৩৬ জন তুরস্কের নাগরিক। এছাড়া যুক্তরাষ্ট্র, ইতালি, মালয়েশিয়া, কুয়েত, সুইজারল্যান্ড, তিউনিসিয়া, লিবিয়া ও জর্ডানসহ নানা দেশের নাগরিকও ছিলেন। খবর আল জাজিরার। তুরস্কের সাংবাদিক এরসিন চেলিক স্থানীয় গণমাধ্যমকে বলেন, তিনি নিজ চোখে দেখেছেন থুনবার্গকে বন্দিশিবিরে চুল ধরে টেনে নিয়ে যাওয়া হয়। "তাকে জোর করে পতাকায় চুমু খাওয়ানো হয়, এমনকি ইসরায়েলি পতাকায় মুড়িয়ে দাঁড় করানো হয়," জানান তিনি। মালয়েশীয় মানবাধিকারকর্মী হাজওয়ানি হেলমি বলেন, "থুনবার্গকে ঠেলে সরানো হয় এবং পতাকা হাতে ঘোরানো হয়। আমাদের সঙ্গে পশুর মতো আচরণ করা হয়েছে।" মার্কিন নাগরিক উইন্ডফিল্ড বিবার জানান, থুনবার্গকে 'ভয়াবহভাবে ব্যবহার' করা হয় এবং কট্টর ডানপন্থি নিরাপত্তামন্ত্রী ইতামার বেন-গভিরের সফরের সময় তাকে প্রচারণার হাতিয়ার বানানো হয়। "মাত্র ২২ বছরের সাহসী নারী গ্রেটা থুনবার্গকে অপমানজনকভাবে ইসরায়েলি পতাকায় মুড়িয়ে ট্রফির মতো প্রদর্শন করা হয়।" তুরস্কের টিভি উপস্থাপক ইকবাল গুরপিনার জানান, বন্দিশিবিরে তিন দিন তাদের খাবার বা পানি দেওয়া হয়নি। "আমাদের কুকুরের মতো আচরণ করা হয়। গরমে ঝলসে যাচ্ছিলাম, শেষে টয়লেটের পানি খেতে হয়েছে," বলেন তিনি। তুর্কি কর্মী আয়সিন কানতোগ্লু জানান, আটককেন্দ্রের দেয়ালে আগের বন্দিদের রক্তমাখা লেখা ও নাম দেখেছেন তারা। "মায়েদের নাম ও সন্তানদের নাম খোদাই করা ছিল দেওয়ালে। আমরা ফিলিস্তিনিদের যন্ত্রণার সামান্য অংশ উপলব্ধি করেছি," বলেন তিনি। ইতালির পররাষ্ট্রমন্ত্রী আন্তোনিও তাজানি জানিয়েছেন, ইতিমধ্যে ২৬ ইতালীয় কর্মীকে বহিষ্কার করা হয়েছে, তবে এখনো ১৫ জন ইসরায়েলি হেফাজতে রয়েছেন। ইতালির সংসদ সদস্য আর্তুরো স্কোত্তো বলেন, "ফ্লোটিলার কর্মীরা মানবিক কাজ করছিলেন; অবৈধ কাজ করেছে তারা, যারা গাজায় সাহায্য পৌঁছাতে বাধা দিয়েছে।" তবে ইসরায়েলের পররাষ্ট্র মন্ত্রণালয় এসব অভিযোগ অস্বীকার করেছে। তাদের দাবি, আটক ব্যক্তিদের যথাযথ পানি, খাবার, টয়লেট ও আইনগত সহায়তা দেওয়া হয়েছে। গ্লোবাল সুমুদ ফ্লোটিলা গাজায় মানবিক সহায়তা পৌঁছানোর একটি বৈশ্বিক সমুদ্রযাত্রা উদ্যোগ। এতে অংশ নিয়েছেন ৪৪টি দেশের প্রায় ৫০০ জন মানবাধিকারকর্মী, সাংবাদিক, চিকিৎসক, আইনজীবী ও ইউরোপীয় পার্লামেন্টের সদস্য।

## কাজিপুর সীমান্তে মাদকসহ আটক

(প্রথম পৃষ্টার পর)

জানিয়েছে, সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে লেফটেন্যান্ট কর্নেল মোঃ মাহবুব মুর্শেদ রহমান, পিএসসি, অধিনায়ক, কুষ্টিয়া ব্যাটালিয়নের তত্ত্বাবধানে কাজিপুর বিওপির বিশেষ টহল দল অভিযান চালায়। সীমান্ত পিলার ১৪৬ থেকে প্রায় এক কিলোমিটার বাংলাদেশের ভেতরে কাজিপুর আলমবাজার কবরস্থানের কাছে আখড়া এলাকায় অভিযান পরিচালনা করে। এই সময় জব্দ করা হয় ১০০ গ্রাম ভারতীয় হেরোইন, ১০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট এবং দুটি মোটরসাইকেল। জব্দকৃত মাদক ও জিনিসপত্রের আনুমানিক বাজারমূল্য প্রায় ৬ লাখ ৪৩ হাজার টাকা। অভিযানের সময় আরও দুই মাদক ব্যবসায়ী করমদি গ্রামের সুমন মিয়া (২৬) এবং গ্রাম বালিয়াঘাট গ্রামের মানিক মিয়া (২৮) পালিয়ে যায়।

## গাংনীতে ৬ জুয়াড়ি আটক

(প্রথম পৃষ্টার পর)

রাজনের সবজি আড়তে তাসের মাধ্যমে টাকার বিনিময়ে জুয়া খেলা হচ্ছে। এ সংবাদের ভিত্তিতে গাংনী থানার সাব-ইন্সপেক্টর (নিরস্ত্র) মোঃ রবিউল ইসলাম এর নেতৃত্বে পুলিশের একটি দল অভিযান পরিচালনা করে। এসময় সেখান থেকে জুয়া খেলার অভিযোগে ৬ জনকে আটক করা হয়। আটককৃতরা হলেন- সাহারবাটি ক্লাব পাড়ার জিহান (৩০), একই পাড়ার মাসুদ (৩৫), সাহারবাটি চারচারা বাজার এলাকার ইমাদুল (৪৫), সাহারবাটি মধ্যপাড়ার মফিজুর রহমান (৪৫), সাহারবাটি চার চারা বাজার এলাকার আসাদুল হক (৩৬), মেহেরপুর সদর থানার কালি গাংনী মধ্যপাড়ার বাবুল (২৮)। তবে অভিযানের সময় রাজন (৩২) নামে অপর এক ব্যক্তি পালিয়ে যায় বলে জানায় পুলিশ। এসময় সেখান থেকে ৫৪ হাজার ২শ ৫ টাকা নগদ, এক সেট তাস ও জুয়ার বোর্ড জব্দ করা হয়। এ ঘটনায় গাংনী থানায় একটি মামলা করা হয়েছে, মামলা নং-০৮। জব্দকৃত আলামত ও আটক আসামীদের থানায় এনে জিজ্ঞাসাবাদ শেষে আদালতে প্রেরণ করা হয়েছে।

## গাংনীতে অবৈধ সেচ পাম্প স্থাপনের

(প্রথম পৃষ্টার পর)

পাম্প বসানোর কথা থাকলেও পরে তা অন্য জায়গায় বসিয়ে ৬৮০৪ দাগে অবৈধভাবে অগভীর নলকূপ স্থাপন করেছেন। তার লাইসেন্স নং ৪৯৩। তিনি আরও বলেন, "আমি তাকে বিষয়টি বোঝাতে গেলে সে আমার উপর ক্ষিপ্ত হয়ে আমাকে প্রাণনাশের হুমকি দিয়েছে। এখন সে আমার স্কীম এলাকায় জোরপূর্বক সেচ দিচ্ছে।" আমছের আলী প্রশাসনের কাছে ন্যায়বিচারের পাশাপাশি অবৈধ নলকূপটি বাতিলের দাবি জানিয়েছেন। অভিযুক্ত চাষিরা জানান, এনারুল ইসলাম প্রথমে অনুমোদিত জায়গায় পাম্প বসানোর কথা থাকলেও দূরত্বের সঠিক মাপ না হওয়ায় তা অন্য জায়গায় স্থানান্তরিত করা হয়েছে। ফলে এক মৌজা থেকে অন্য মৌজায় সেচ পাম্প চলে আসায় আমছের আলীর সেচ এলাকার পানি লাইনে সমস্যা সৃষ্টি হয়েছে। এ বিষয়ে গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা আনোয়ার হোসেন বলেন, "ভুক্তভোগী লিখিত অভিযোগ করেছেন। তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।"

## নামেনি বিএনপি, 'ফাঁকা মাঠে' তৎপর

(প্রথম পৃষ্টার পর)

মধ্যেই আছে। দলের প্রত্যেক নেতাকর্মী নির্বাচনী মাঠে রয়েছেন।' তবে দলীয় একাধিক দায়িত্বশীল সূত্র জানিয়েছেন, জনগণের কাছে যাওয়ার নির্দেশনা থাকলেও মাঠে তার প্রতিফলন ঘটেনি। অঙ্গ ও সহযোগী সংগঠনগুলোরও তেমন কার্যক্রম নেই। সালাহউদ্দিন আহমেদ আরও বলেন, 'দেশের সবচেয়ে বড় দল হিসেবে প্রতিটি আসনে একাধিক যোগ্য প্রার্থী আছেন। তাই বাছাই প্রক্রিয়ায় কিছুটা সময় লাগছে। শিগগিরই প্রার্থী চূড়ান্ত হবে, তখন সব সমস্যার সমাধান হবে।' তবে তৃণমূল পর্যায়ের নেতাকর্মীরা বলছেন, জামায়াতের আগাম তৎপরতা তাদের উদ্বিগ্ন করে তুলেছে। একাধিক নেতা আশঙ্কা প্রকাশ করেছেন, এই ধীরগতি বিএনপির নির্বাচনী সম্ভাবনাকে ক্ষতিগ্রস্ত করতে পারে। বিএনপির ভাইস চেয়ারম্যান শামসুজ্জামান দুদু বলেন, 'নির্বাচনের প্রস্তুতিতে বিএনপির চেয়ে জামায়াত এগিয়ে আছে। তারা আগেই প্রার্থী ঘোষণা করেছে, লিফলেট-পোস্টার ছাপিয়ে প্রচার শুরু করেছে।' নেতাকর্মীরা জানাচ্ছেন, তরুণ ও প্রথমবারের ভোটারদের আকৃষ্ট করার মতো কোনো কর্মসূচি এখনো হাতে নেয়নি বিএনপি। জেন-জি প্রজন্মের প্রায় চার কোটি ভোটারকে লক্ষ্য করে কার্যকর প্রচারণার অভাব নিয়ে উদ্বেগ রয়েছে। তারা বলেন, সাম্প্রতিক ডাকসু ও জাকসু নির্বাচনে প্রস্তুতির ঘাটতির কারণে ছাত্রদলের ভরাডুবি হয়েছে। একই ধরনের উদাসীনতা জাতীয় নির্বাচনে বিপর্যয় ডেকে আনতে পারে। গত বছরের আগস্টের গণঅভ্যুত্থানের পরপরই জামায়াতে ইসলামী সারাদেশে প্রার্থী ঘোষণা করে মাঠে নামে। ছাত্রশিবির ও নারী কর্মীরা ঘরে ঘরে গিয়ে ভোটারদের সঙ্গে যোগাযোগ করছেন। বিএনপির অতীত কর্মকাণ্ডের সমালোচনা করে ধর্মীয় মূল্যবোধের ভিত্তিতে ভোট চাইছেন তারা। পাশাপাশি জুলাই সনদের আইনি ভিত্তি নিশ্চিত করা ও পিআর পদ্ধতিতে জাতীয় নির্বাচন আয়োজনের দাবিতে জামায়াত ও সহযোগী পাঁচটি দল সম্প্রতি ১২ দিনের কর্মসূচি পালন করেছে। জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ বলেন, 'অধিকার আদায় করতে হয়, কেউ দেয় না। তাই নির্বাচনে বিজয়ের লক্ষ্যে আমরা মাঠে পূর্ণ প্রস্তুতি নিচ্ছি।' অতীতে নির্বাচনী প্রচারণায় মুখ্য ভূমিকা রাখা ছাত্রদল, যুবদল ও মহিলা দল এখনও সক্রিয় নয়। শ্রমিক দল শিগগির রাজধানীতে বড় সমাবেশের পরিকল্পনা করলেও অন্য সংগঠনগুলোতে তেমন নড়াচড়া নেই। ছাত্রদল এখন মূলত ছাত্র সংসদ নির্বাচন নিয়েই ব্যস্ত। কেন্দ্রীয় সভাপতি রাকিবুল ইসলাম রাকিব বলেন, '৩৮টি টিম সারাদেশে সফরে আছে, তারা দলের পক্ষে কাজ করছে।' যুবদল দুই বছর ধরে পূর্ণাঙ্গ কমিটি করতে পারেনি। বিএনপি ২০১৯ সালে গঠিত 'নারী ও শিশু অধিকার ফোরাম'-কে মাঠে নামানোর পরিকল্পনা করছে। ১৪ অক্টোবর খুলনা বিভাগ থেকে তাদের কর্মসূচি শুরু হবে। তবে বিএনপির অনেকেই মনে করছেন, ঘরোয়া সভা-সেমিনারে সীমাবদ্ধ থাকলে এই ফোরাম জামায়াতের সক্রিয় নারী প্রচারণার সঙ্গে প্রতিযোগিতা করতে পারবে না।

## মেহেরপুরে আদালতে দ্রুত বিচার

(প্রথম পৃষ্টার পর)

৫০৫টি। সাক্ষ্যগ্রহণেও নজিরবিহীন বৃদ্ধি দেখা গেছে। জুলাই থেকে সেপ্টেম্বর ত্রৈমাসিকে মোট ৬১৭ জন সাক্ষীর সাক্ষ্য গ্রহণ করা হয়েছে, যা মেহেরপুরের বিচারিক ইতিহাসে সর্বোচ্চ। দ্রুত সাক্ষ্যগ্রহণ ও মামলার নিষ্পত্তি মানুষকে ফিরিয়ে দিচ্ছে ন্যায়বিচারের ভরসা। একজন শিক্ষক বলেন, "১০ বছর ধরে মামলা চলছে, আগে সাক্ষী নেওয়ায় ঘোরৎ হত। এবার তিন সাক্ষী নেওয়া হলো, কোনো ঘোরৎ হয়নি। এবার সাক্ষী নেওয়ার পরই মামলা শেষ হবে।" অন্য একজন বলেন, "৫ বছর পর সাক্ষ্য দিতে পেরে স্বস্তি পেয়েছি। নিয়মমাফিক সাক্ষ্য গ্রহণ হলে মামলার জট অনেকটাই কমবে এবং দ্রুত বিচার হবে।" মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতের পিপি সাইদুর রাজ্জাক বলেন, "ফ্যাসিস্ট আমলে সাক্ষী আনলেও আদালত গ্রহণ করত না। এখন সরকারি কৌঁসুলি থেকে পেশকারড়সবার দ্রুত সমন পাঠানো হচ্ছে। বিচারকের আন্তরিকতা ছাড়া এটি সম্ভব হতো না।"আইনজীবী মোস্তাফিজুর রহমান বলেন, "আইনজীবীদের চাপ বেড়েছে, তবে দ্রুত মামলা নিষ্পত্তির স্বার্থে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। এটি নজিরবিহীন সাফল্য।" জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের আহ্বায়ক আসাদুল আযম খোকন বলেন, "আগে বিচার পাওয়া আলাদীনের চেরাগ পাওয়ার মতো কঠিন ছিল। এখন মানুষ দ্রুত ন্যায্য বিচার পাচ্ছে। এতে আদালতের প্রতি মানুষের আস্থা বেড়েছে।"

## মেহেরপুরে বিশ্ব শিক্ষক দিবস

(প্রথম পৃষ্টার পর)

অফিসের উদ্যোগে এ দিবস পালিত হয়েছে। জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত আলোচনা সভার সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ তরিকুল ইসলাম। আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত জেলা শিক্ষা অফিসার আব্দুর রহিম । মেহেরপুর সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার একাডেমী সুপারভাইজার আনোয়ার হোসেন এর সঞ্চালনা বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক শিক্ষা ও আইসিটি প্রদীপ চন্দ্র শীল, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম, মেহেরপুর সরকারি মহিলা কলেজের উপাধ্যক্ষ প্রফেসর আব্দুল্লাহ আল আমিন, আমঝুপি আলিম মাদ্রাসার সুপার মাহবুবুল আলম, আহমদ আলী টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের অধ্যক্ষ শাহী উদ্দিন, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার তৌহিদুল ইসলাম, কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসরাইল হোসেন, আমঝুপি আলিম মাদ্রাসার সহকারী শিক্ষক দিলরুবা পারভিন এবং মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের প্রকৌশলী মোহাম্মদ শফিউদ্দিন প্রমুখ। অনুষ্ঠানে মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবীর, মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের চিপ ইন্স্ট্রাক্টর প্রকৌশলী শফিউদ্দিন, মুজিবনগর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের প্রশিক্ষক টিপু সুলতান, আমঝুপি মাধ্যমিক বালক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ফয়জুল কবীর, আমঝুপি আলিম মাদ্রাসার অধ্যক্ষ মাহবুব-উল আলম, একই মাদ্রাসার সহকারী শিক্ষক আইসিটি দিলরুবা পারভিন, মানিকনগর ডি এস আমিনিয়া আলিম মাদ্রাসার ইবতেদায়ী শিক্ষক শামীমা আক্তার, ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক আমিনুর রহমান ও ইছাখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক জিমিনি খাতুনকে শুভেচ্ছা উপহার প্রদান করা হয়। এর আগে সকালেই একটি র‍্যালি বের করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ তরিকুল ইসলাম এর নেতৃত্বে র‍্যালিটি জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে শুরু হয়ে প্রধান সড়ক ঘুরে একই স্থানে শেষ হয়। অনুষ্ঠানে অংশগ্রহণ করেন মেহেরপুর সরকারি কলেজের শিক্ষক পরিষদের সম্পাদক ও সহযোগী অধ্যাপক খেজমত আলী মালিথ্যা, মেহেরপুর সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা. ইনজামামুল হক, সরকারি কলেজের ক্রীড়া শিক্ষক আলমগীর হোসেন, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, জেলা শিক্ষা অফিসের গবেষণা কর্মকর্তা আক্তার হোসেন, একাডেমিক সুপারভাইজার আনারুল ইসলাম, আমঝুপি আলিম মাদ্রাসা সুপার মাহবুবুল আলম, জেলা শিক্ষক সমিতির সভাপতি ইসরাইল হোসেন, সদর উপজেলা শিক্ষক সমিতির সভাপতি ফয়জুল কবীর, প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি শফিকুল ইসলাম মিন্টু এবং অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ।